গাংনীর কাজীপুরে ইসলামী ব্যাংকের উদ্যেগে ফ্রি মেডিকেল ক্যাম্প

গাংনীর কাজীপুরের গোলাম বাজারে ইসলামী ব্যাংক এজেন্ট শাখার উদ্যেগে ফ্রি মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে।

আজ শ্রক্রবার কাজীপুর গোলাম বাজারে দিন ব্যপি ফ্রি মেডিকেল ক্যাম্প চলমান থাকবে। এখানে মেয়ে ও পুরুষদের আলাদা আলাদা সিরিয়ালে রোগ নির্ণয় রকার্যক্রম চলছে।

স্থানীয় বীর মুক্তিযোদ্ধা গোলাম রহমান জানান, এই কাজীপুর এলাকাটি প্রত্যান্ত এলাকা এই এলাকায় ইসলামী ব্যাংক টি করে আমাদের গ্রামের মানুষকে আর ১০ কিলো দুরে যেতে হয় না। সুযোগ সুবিধাও অনেক সুন্দর। তার সাথে আজকে যে ফ্রি মেডিকেল ক্যাম্প দিয়েছে তা আমাদের এলাকার অনেক গরীব দুঃখি মানুষ চিকিৎসা নিতে পারছেন। ধন্যবাদ জানায় এজেন্ট ব্যাংকেল মালিক পলাশ ভাই কে।

এ বিষয়ে ইসলামী ব্যাংক কাজীপুর এজেন্ট শাখার মালিক সাজ্জাদ হুছাইন পলাশ জানান, আমরা ইসলামী ব্যাংক সেবার পাশাপাশি সামাজিক ভাবে মানুষের পাশে দাড়ানোর লক্ষ্যে আজকের ফ্রি মেডিকেল ক্যাম্প। আজকে এখানে ৩ জন মেডিসিন ডাক্তারসহ ২২ জন নার্স আছেন এখানে প্রাথমিক ভাবে ডাইবেটিজ পরিক্ষা প্রেশার পরিক্ষা করা হচ্ছে। এবং তাদের প্রথমিক ভাবে বিনামুল্যে ঔষধ দিচ্ছি।

এখানে আজকে ফরিদপুর মেডিকেল কলেজ এন্ড হসপিটালের একটি সংগঠন সলিউশন ফর হেলথ এন্ড স্যানিটাইজেশন এর সৌজনে আজকে এত বড় মেডিকেল ক্যাম্প। তাই ধন্যবাদ জানায় আজকের এই সংগঠনের চেয়ারম্যান ফারজানা ইয়াসমিন মৃদুলা কে।

‘স্বাধীনতা মানেই যুদ্ধ’ তাইওয়ানের প্রতি চীনের হুঁশিয়ারি

‘স্বাধীনতা মানেই যুদ্ধ’। সামরিক মহড়া চালানো তাইওয়ানের প্রতি এ হুঁশিয়ারি উচ্চারণ করল চীন। বেশ ক’দিন ধরেই, সমুদ্রসীমায় যৌথ বাহিনীর মহড়া চালাচ্ছে চীনের স্বায়ত্ত্বশাসিত অঞ্চলটি। এতে প্রথমবারের মতো ক্ষোভ জানালো শি জিনপিং সরকার।

চীন সরকার বিবৃতিতে জানায়, আঞ্চলিক ইস্যুতে বিদেশি হস্তক্ষেপ এবং উসকানি মানা অসম্ভব। আগ্রাসন মোকাবেলায় প্রস্তুত চীনের সেনাবাহিনী।

তাইওয়ানের অভিযোগ, গেল সপ্তাহ থেকেই দ্বীপের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের ‘আকাশ প্রতিরক্ষা জোনে’ চীনের যুদ্ধবিমান লক্ষ্য করা যাচ্ছে। বেশ কয়েকটি হামলাও প্রতিহত করা হয়েছে। এ ব্যাপারে গভীর উদ্বেগ জানিয়েছে যুক্তরাষ্ট্র, পাঠিয়েছে রণতরীর বহর।

সপ্তাহজুড়ে চলবে মৃদু শৈত্যপ্রবাহ

রাজধানী ঢাকাতে বেড়েছে শীতের প্রকোপ। এছাড়াও দেশের বিভিন্ন অঞ্চলের ওপর দিয়ে মৃদু শৈত্যপ্রবাহ বয়ে যাচ্ছে। মৌসুমের শেষ এই শৈত্যপ্রবাহ ফেব্রুয়ারির প্রথম সপ্তাহজুড়ে চলমান থাকতে পারে বলে জানিয়েছে আবহাওয়া অধিদপতর।

গতকাল বৃহস্পতিবার (২৮ জানুয়ারী) সর্বশেষ আবহাওয়ার পূর্বাভাসে বলা হয়েছে, সীতাকুণ্ড, শ্রীমঙ্গল, রাজশাহী,পাবনা, নওগাঁ এবং চুয়াডাঙ্গা অঞ্চলসহ রংপুর বিভাগের উপর দিয়ে মৃদু শৈত্য প্রবাহ বয়ে যেতে পারে এবং তা অব্যাহত থাকতে পারে।

সারাদেশে দিনের তাপমাত্রা সামান্য বৃদ্ধি পেতে পারে এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে। আগামী দুই দিনে আবহাওয়ার অবস্থার তেমন কোনো উল্লেখযোগ্য পরিবর্তনের সম্ভাবনা নেই। আর মধ্যরাত থেকে সকাল পর্যন্ত সারাদেশে মাঝারি থেকে ঘন কুয়াশায় ঢেকে থাকবে প্রকৃতি।

ফের বাড়ল শিক্ষা প্রতিষ্ঠানের ছুটি

করোনা মহামারির কারণে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানের (কওমি ছাড়া) চলমান ছুটি আগামী ১৪ ফেব্রুয়ারি পর্যন্ত বাড়ানো হয়েছে।

আজ শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি সংশ্লিষ্ট সকলপক্ষের সাথে আলোচনা করে এ সিদ্ধান্তের কথা জানান।

প্রসঙ্গত, বাংলাদেশে গত ৮ মার্চ ২০২০ প্রথম করোনা রোগী শনাক্তের পর গত ১৭ মার্চ ২০২০ থেকে শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ রয়েছে। কয়েক ধাপে বাড়ানোর পর ৩০ জানুয়ারি ২০২১ পর্যন্ত ছুটি ছিল, সেই ছুটি এবার ১৪ ফেব্রুয়ারি ২০২১ পর্যন্ত বাড়ল। ছুটি চলাকালে অনলাইন শিক্ষা কার্যক্রম চলমান থাকবে।

মেহেরপুরে পৌঁছালো বহু কাঙ্খিত করোনা ভ্যাকসিন

প্রতীক্ষার অবসান ঘটিয়ে আজ শুক্রবার সকাল ৯ টার সময় কড়া নিরাপত্তা ব্যবস্থার মেহেরপুরে এসে পৌঁছাল প্রথম দফার এক কাটুন কোভিট-১৯ ভ্যাকসিন।

বেক্সিমকোর ডেপুটি ম্যানেজার কামরুল হাসানের নেতৃত্ব ঢাকা থেকে একটি মিনি কার্গো যোগে ভ্যাকসিন গুলো মেহেরপুরে সিভিল সার্জন অফিস কার্যালয়ে পৌঁছায়।

মেহেরপুর জেরার পক্ষ থেকে করোনার ভ্যাকাসন গ্রহণ করেন মেহেরপুরের সিভিল সার্জন ডাঃ মোঃ নাসির উদ্দিন।

এ সময় সেখানে উপস্থিত ছিলেন, নেজারত ডেপুটি কালেক্টর রাকিবুল ইসলাম, ইন্সপেক্টর আব্দুল আউয়াল সহ কমিটির অন্যান্য সদস্যগণ।

সিভিল সার্জন ডাঃ নাসির উদ্দিন জানান, অনলাইনে রেজিস্ট্রেশন এর মাধ্যমে পর্যায়ক্রমে ভ্যাকসিন দেওয়া হবে।

এদিকে কার্গোযোগে ভ্যাকসিন মেহেরপুর সীমানা পৌঁছালে মেহেরপুরের পুলিশের একটি দল কড়া নিরাপত্তার মধ্যে দিয়ে সিভিল সার্জনের কার্যালয় নিয়ে আসে।

কোটচাঁদপুর ভোট চাইলেন কেন্দ্রীয় নেতা

তৃতীয় ধাপের পৌর নির্বাচনের শেষ মুহূর্তে প্রচার-প্রচারণায় ব্যস্ত ঝিনাইদহের কোটচাঁদপুর পৌরসভা নির্বাচনের মেয়র প্রার্থীরা। করছেন গণসংযোগ, পথসভা সহ মোটরসাইকেল শোভাযাত্রা।

শেষ প্রচারণা হিসেবে আ.লীগের নৌকা প্রতীকের মনোনীত প্রার্থী শাহাজান আলীর নির্বাচনী জনসভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বৃহস্পতিবার বিকালে শহরের পায়রা চত্তরে এই জনসভা অনুষ্ঠিত হয়। পৌর আ.লীগের আহ্বায়ক ফারজেল হোসেন মন্ডলের সভাপতিত্বে জনসভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,কেন্দ্রীয় আ.লীগের সাংগঠনিক সম্পাদক বি এম মোজাম্মেল হক।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা আ.লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টু, জেলা আ.লীগের সহ-সভাপতি ও স্থানীয় সংসদ

সদস্য এ্যাড.শফিকুল আজম খাঁন চঞ্চল, উপজেলা আ.লীগের সভাপতি ও উপজেলা পরিষদ চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি।

উপজেলা পরিষদ চেয়ারম্যান মোঃ রিয়াজ হোসেনের সঞ্চালনায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, জেলা পরিষদের চেয়ারম্যান কনক কান্তি দাশ, ঝিনাইদহ উপজেলা পরিষদের চেয়ারম্যান আব্দুর রশিদ, জেলা আ.লীগের সাংগঠনিক সম্পাদক অশোক কুমার ধর, কোটচাঁদপুর উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সাদিয়া আক্তার পিংকি, কালিগঞ্জ পৌর মেয়র আশরাফুল ইসলামসহ আ.লীগ এবং অঙ্গ সংগঠনের নেতা-কর্মীরা। সভায় সকল নেতা-কর্মীদের নৌকার প্রার্থীর পক্ষে কাজ করতে অনুরোধ জানানো হয়।

সূত্র মতে কোটচাঁদপুর পৌরসভা নির্বাচনে ৪ মেয়র প্রার্থী ছাড়াও ৯টি ওয়ার্ডে সাধারণ কাউন্সিলর পদে ৩৪ এবং সংরক্ষিত মহিলা কাউন্সিলর প্রার্থী হিসেবে ১২ জন প্রার্থী নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করছেন। কোটচাঁদপুর পৌরসভা নির্বাচনে ৯টি ওয়ার্ডে ১৪ টি কেন্দ্রে ২৭ হাজার ৪’শ ৯৩ জন ভোটার তাদের ভোটাধিকার প্রয়োগ করবেন। যার মধ্যে পুরুষ ভোটার ১৩ হাজার ৪’শ ৮৫জন এবং মহিলা ভোটার ১৪ হাজার ৮ জন।

মেহেরপুরে পৃথক অভিযানে ফেন্সিডিলসহ দুইজন আটক

মেহেরপুরে পৃথক অভিযানে ৪১ বোতল ফেন্সিডিলসহ দুইজন মাদক ব্যবসায়ীকে আটক করেছে ডিবি পুলিশ।

গত বুধবার বিকালে এস আই অজয় কুমার কুন্ডুর নেতৃত্বে অভিযান চালিয়ে সদর উপজেলার কোলা গ্রামে টিপু সুলতান (৩৮) নামের এক মাদক ব্যবসায়ীকে ২৭ বোতল ফেন্সিডিলসহ আটক করা হয়।

আটক টিপু সুলতান একই গ্রামের পশ্চিম পাড়ার আসাদুল ইসলাম এর ছেলে। পরে একইদিন দিবাগত রাতে গাংনী উপজেলার খাসমহল এলাকায় অভিযান চালিয়ে লাল্টু হোসেন (২৮) নামের একজনকে ১৪ বোতল ফেন্সিডিলসহ

আটক করা হয়। আটক লাল্টু হোসেন খাসমহল খালপাড়ার শফিউল খান এর ছেলে।

জেলা গোয়েন্দা পুলিশের ওসি জুলফিকার আলী বিষয়টি নিশ্চিত করে জানান, গোপন সংবাদের ভিত্তিতে পৃথক অভিযান চালিয়ে মেহেরপুর সদর ও গাংনীর খাসমহল থেকে একজন করে মোট দুইজন মাদক ব্যবসায়ীকে ফেন্সিডিলসহ আটক করা হয়েছে।

উভয়ের বিরুদ্ধে গাংনী ও মেহেরপুর সদর থানায় একটি করে নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

আলমডাঙ্গার কুলপালায় ব্যাডমিন্টন টুর্নামেন্টের ফাইনাল ম্যাচ অনুষ্ঠিত

মুজিব শতবর্ষ উপলক্ষে কুলপালা গ্রামে ব্যাডমিন্টন খেলার ফাইনাল ম্যাচ ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে।

উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাবেক মেয়র এবং চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক রিয়াজুল ইসলাম জোয়াদ্দার টোটন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা থানার অফিস ইনচার্জ আলমগীর কবির, মেহেরপুর সদর থানা অফিস ইনচার্জ শাহ দারা খান, চিৎলা ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি শাহ আব্দুল বাতেন,কুলপালা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সাবেক প্রধান শিক্ষক আক্তার হোসেন, চিৎলা ইউনিয়ন আওয়ামী যুবলীগ যুগ্ম-সাধারণ সম্পাদক সাহ আল- ইমরান।

উক্ত খেলায় জয়ী হয় চিৎলা গ্রামের খেলোয়াড়রা এবং রানার্সআপ হয় চিৎলা গ্রামের খেলোয়ারাই।

দর্শনা পৌরসভা নির্বাচন উপলক্ষে আইনশৃঙ্খলা বিষয়ক মতবিনিময় সভা

আগামী ৩০শে জানুয়ারী দর্শনা পৌরসভার সাধারণ নির্বাচন উপলক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের নিয়ে আইনশৃঙ্খলা ও আচরণ বিধিমালা প্রতিপালন বিষয়ক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বৃহস্পতিবার দুপুর ১২ টার দিকে দামুড়হুদা উপজেলা পরিষদ সভা কক্ষে এই সভা অনুষ্ঠিত হয়। সভায় দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মো: নজরুল ইসলাম সরকার। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার মো: জাহিদুল ইসলাম, চুয়াডাঙ্গা জেলা নির্বাচন অফিসার তারেক আহম্মেদ, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যন আলী মুনছুর বাবু।

এছাড়াও উপস্থিত ছিলেন দামুড়হুদা সার্কেল আবু রাসেল, দামুড়হুদা উপজেলা নির্বাচন অফিসার ইসহাক আলি, দর্শনা থানার অফিসার ইনচার্জ মাহবুবুর রহমান, দর্শনা পৌরসভার বর্তমান মেয়র ও আওয়ামী লীগের (নৌকা) প্রার্থী মতিয়ার রহমান, জাতীয়তাবাদী দল বিএনপি (ধানের শীষ) প্রার্থী হাবিবুর রহমান বুলেট ও জামায়াত সমর্থিত (মোবাইল) প্রার্থী আশকার আলী, সকল ওর্য়াড কাউন্সিলর প্রার্থীরাসহ সাংবাদিক, আইন শৃঙ্খলা বাহিনীর কর্মকর্তা-কর্মচারী প্রমুখ।

বিশেষ অতিথির বক্তব্যে পুলিশ সুপার মো: জাহিদুল ইসলাম বলেন, দর্শনা পৌরসভার সাধারণ নির্বাচন আবাধ-সুষ্ঠু করতে কঠোর থেকে কঠোর অবস্থানে যাবে পুলিশ।

জেলা প্রশাসক মো: নজরুল ইসলাম সরকার বলেন, দামুড়হুদা উপজেলার দর্শনা পৌরসভার সাধারণ নির্বাচনে কোন ধরণের অনিয়ম হতে দেওয়া হবেনা। যদি কেউ নির্বাচন নিয়ে নোংরামো করতে আসে তবে তার বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। সুষ্ঠু নির্বাচনের লক্ষে কোনো প্রকার অনিয়ম সহ্য করা হবে না। এ

নির্বাচনে নির্বাচনী এলাকায় ৯ জন নির্বাহী ম্যাজিস্ট্রেট ও প্রতিটি ওর্য়াডে ১ জন করে নির্বাহী ম্যাজিস্ট্রেট দায়িত্বে থাকবেন। এছাড়াও নির্বাচনী এলাকায় পর্যাপ্ত পরিমাণ পুলিশ, র্যাব বিজিবিসহ আইনশৃঙ্খলা বাহিনী নিয়োজিত থাকবে।

জনগণের কথা বিবেচনা করে এবং তাদের যেন কোন স্বাস্থ্য ঝুঁকি না থাকে সে কারণে স্বাস্থ্যবিধি মেনে ও সামাজিক দূরত্ব বজায় রেখে ভোট কেন্দ্রে যাওয়ার আহবান জানান।

এক অসহায় নারীকে চুয়াডাঙ্গার পুলিশ সুপারের ঔষধ প্রদান

অসহায় খাদিজা খাতুন (৬০) কে প্রয়োজনীয় ঔষধ প্রদান করলেন চুয়াডাঙ্গার পুলিশ সুপার। প্রতিদিন পুলিশ সুপার চুয়াডাঙ্গার কার্যালয়ে ব্যক্তিগত বিভিন্ন সমস্যা নিয়ে হাজির হন নানা শ্রেণী পেশার বিভিন্ন বয়সী অসহায় মানুষ।

খাদিজা খাতুন (৬০), স্বামী-মৃত বাদল, সাং-মোচাইনগর, থানা- আলমডাঙ্গা, জেলা-চুয়াডাঙ্গা তাদেরই একজন। তিনি কারো বিরুদ্ধে কোন অভিযোগ জানাতে পুলিশের কাছে আসেননি। দারিদ্রের কষাঘাতে জর্জরিত হয়ে তিনি একটুখানি আশা নিয়ে পুলিশ সুপারের কাছে আসেন। ভরণ-পোষণ দেওয়ার মত স্বামী কিংবা সন্তান তার নাই। পুলিশের মানবিকতাই তাকে পুলিশ সুপারের কার্যালয় পর্যন্ত টেনে নিয়ে এসেছে। প্রয়োজন কিছু ঔষুধের। চাহিদা খুবই কম। কিন্তু এই সল্প চাহিদা পূরণের ভরসাস্থল তার অজানা।

অশ্রুসিক্ত দুটি নয়নে অসহায়ের মত পুলিশ সুপারের সামনে হাজির হলে পুলিশ সুপার মোঃ জাহিদুল ইসলাম তাকে মায়ের সম্মানে কাছে টেনে নেন। অত্যন্ত আন্তরিকতার সাথে শোনেন তার দুঃখের কথা। তাৎক্ষণিকভাবে খাদিজা খাতুনের প্রয়োজনীয় ঔষধ কিনে দেন তিনি এবং আশ্বস্ত করেন চুয়াডাঙ্গাবাসীর যে কোন প্রয়োজনে পুলিশ সুপারের দুয়ার ২৪ ঘন্টা খোলা আছে।

পুলিশ সুপার বলেন, সমাজের সর্বস্তরের সামর্থ্যবান মানুষ যদি অসহায় সুবিধা বঞ্চিতদের দিকে একটু সুদৃষ্টি দেয়, তাহলে আমাদের সমাজে সুবিধা বঞ্চিতদের মুখেও হাসি ফোটানো সম্ভব। এ সময় তিনি আইন-শৃঙ্খলা রক্ষাসহ সকল বিষয়ে চুয়াডাঙ্গা জেলাবাসীর সহযোগীতা কামনা করেন।